গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

বৃহস্পতিবার | ২১ জুলাই ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ৩০৫ সংখ্যা | ৬ শ্রাবণ ১৪২৯ সাল | ২১ জিলহজ্ব ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কোভিড-১৯ এর বুস্টার ডোজ টিকাদান কর্মসূচিতে শিক্ষার্থীদের টিকাদান করা হচ্ছে*

# প্রিমিয়ার ভার্সিটিতে বুস্টার ডোজ প্রদান কর্মসূচি

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড় ক্যাম্পাসে ইউনিভার্সিটির সকল শিক্ষার্থীকে কোভিড-১৯-এর বুস্টার ডোজ টিকা প্রদান কর্মসূচি শুরু হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরীর সহযোগিতায় ও চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে সরকারের টিকাদান কর্মসূচির অংশ হিসেবে দুদিনব্যাপী কর্মসূচি আজ বৃহস্পতিবার পর্যন্ত চলবে।

গতকাল বুধবার সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত শিক্ষার্থীদের বুস্টার ডোজ টিকা প্রদান করা হয়। আজও সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত টিকাদান করা হবে। ভার্সিটি কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সর্বোচ্চ স্বাস্থ্য সুরক্ষার জন্য কোভিড-১৯-এর এই টিকাদান কর্মসূচি গ্রহণ করেছে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীরা ইতিপূর্বে ২২ ও ২৩ নভেম্বর ২০২১ অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকা টিকার প্রথম ডোজ এবং ২২ ও ২৩ জানুয়ারি ২০২২ অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকা টিকার দ্বিতীয় ডোজ টিকা গ্রহণ করেছেন।

কর্মসূচি উদ্বোধন করেছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী সালেহিন, প্রফেসর একেএম তফজল হক, খুরশিদুর রহমান, ডা. সেলিম আকতার চৌধুরী, ডা. সেখ ফজলে রাব্বি, অধ্যাপক মো. জাহেদুল ইসলাম, ডা. রাজিব পালিত, সুজন বড়ুয়া, সম্পদ দে, রঞ্জনপ্রসাদ দাশগুপ্ত প্রমুখ।

উপাচার্য বলেন, সারা বিশ্বকে শঙ্কায় ফেলে দেওয়া করোনা আমাদের দেশে ছড়িয়ে পড়েছিল। এখনও করোনা সংক্রমণ রয়ে গেছে। আবারও করোনা সংক্রমণ বেড়ে যেতে পারে। এই প্রেক্ষাপটে করোনার যেকোনো সম্ভাব্য উর্ধ্বগতি মোকাবিলায় সরকারের জনস্বাস্থ্য সেবা ব্যবস্থাগুলো প্রস্তুত রয়েছে। বাংলাদেশ সরকারের টিকা কার্যক্রম সারা বিশ্বে প্রশংসিত হয়েছে। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 21 July 2022, Page: 3, Col: 1
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-07-21






চট্টগ্রাম বৃহস্পতিবার ২১ জুলাই ২০২২

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত








রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৭তম বর্ষ ১৪৯ তম সংখ্যা ।। ৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ ।। ২১ জিলহজ্ব ১৪৪৩ হিজরি ।। Thursday 21 July 2022 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কোভিড-১৯-এর বুস্টার ডোজ 'টিকাদান কর্মসূচি'তে শিক্ষার্থীদের টিকাদান*

*প্রিমিয়ার ভার্সিটিতে কোভিড-১৯ বুস্টার ডোজ 'টিকাদান কর্মসূচি'তে উপাচার্য*

# বাংলাদেশ সরকারের টিকা কার্যক্রম সারাবিশ্বে প্রশংসিত হয়েছে

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইউনিভার্সিটির সকল শিক্ষার্থীকে কোভিড-১৯ এর বুস্টার ডোজ টিকা প্রদান করার জন্য গতকাল বুধবার, 'টিকাদান কর্মসূচি' শুরু হয়েছে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের এডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরীর সহযোগিতায় ও চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে সরকারের টিকাদান কর্মসূচির অংশ হিসেবে দু'দিনব্যাপী এই কর্মসূচি আজ ২১ জুলাই পর্যন্ত চলবে। গতকাল ২০ জুলাই সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত শিক্ষার্থীদের বুস্টার ডোজ টিকাদান করা হয়। ২১ জুলাইও সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত টিকাদান করা হবে।

এই টিকাদান কর্মসূচি উদ্বোধন করেছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য বোরহানুল হাসান চৌধুরী সালেহিন, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, ডা. সেলিম আকতার চৌধুরী, ডা. সেখ ফজলে রাব্বি, সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলাম, ডা. রাজিব পালিত, স্বাস্থ্য তত্ত্বাবধায়ক সুজন বড়ুয়া, হেলথ এডুকেটর সম্পদ দে, ম্যাক্স হাসপাতালের জেনারেল ম্যানেজার রঞ্জনপ্রসাদ দাশগুপ্ত এবং চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয়ের স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, স্যানিটারি ইন্সপেক্টর ও মেডিকেল টেকনোলজিস্টবৃন্দ।

উদ্বোধনী বক্তব্য প্রদানকালে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, সরকারের টিকা কার্যক্রম সারাবিশ্বে প্রশংসিত হয়েছে। সেই কারণে বাংলাদেশে করোনা মারাত্মক আকার ধারণ করতে পারেনি।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 21 July 2022, Page: 3, Col: 7
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-07-21

বৃহস্পতিবার
চট্টগ্রাম
২১ জুলাই ২০২২
৬ শ্রাবণ ১৪২৯
২১ জিলহজ ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-২০৮

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার
02-334455071-6
02-334451901-6
মোবাইল নাম্বার
01976-022111
01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

▶ শুভ সকাল
আমদানিতে বিলম্ব মূল্য পরিশোধের সময় বাড়লো

▶ দশ কথার এক কথা
যে কোনো বয়সে বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ থাকবে না কেন: শিক্ষামন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

▶ চট্টগ্রামে শনাক্ত মৃত্যু
১,২৮,০৭৯ ১,৩৬৬

▶ শেষ পাতায়
সংলাপে বিএনপি অংশ নেবে না অপেক্ষা করবে সিইসি



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষার্থীদের টিকাদান

# ‘সরকারের টিকাদান কার্যক্রম সারাবিশ্বে প্রশংসিত হয়েছে’

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইউনিভার্সিটির সকল শিক্ষার্থীকে কোভিড-১৯ এর বুস্টার ডোজ টিকা প্রদান করার জন্য ২০ জুলাই ‘টিকাদান কর্মসূচি’ শুরু হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরীর সহযোগিতায় ও চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ সরকারের টিকাদান কর্মসূচির অংশ হিসেবে দু'দিন ব্যাপী এই কর্মসূচি আজ ২১ জুলাই পর্যন্ত চলবে। ২০ জুলাই সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত শিক্ষার্থীদের বুস্টার ডোজ টিকাদান করা হয়। আজও সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত টিকাদান করা হবে। প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষ ইউনিভার্সিটির শিক্ষার্থীদের সর্বোচ্চ স্বাস্থ্য সুরক্ষার জন্য কোভিড-১৯ এর এই ‘টিকাদান কর্মসূচি’ গ্রহণ করেছে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীরা ইতিপূর্বে ২২ ও ২৩ নভেম্বর ২০২১ অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকা টিকার প্রথম ডোজ এবং ২২ ও ২৩ জানুয়ারি ২০২২ অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকা টিকার দ্বিতীয় ডোজ টিকা গ্রহণ করেছেন। বুস্টার ডোজ টিকা গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীরা প্রথম ও দ্বিতীয় ডোজ নেওয়ার সময় সরবরাহকৃত টিকা কার্ড, নিজ নিজ স্টুডেন্ট আইডি কার্ড এবং সুরক্ষায় নিবন্ধিত টিকা কার্ড ২ কপি নিয়ে স্বাস্থ্যবিধি মেনে ২০ জুলাই সকাল থেকে টিকা গ্রহণ করতে ইউনিভার্সিটি ক্যাম্পাসে আসতে শুরু করে।

এই টিকাদান কর্মসূচি উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী সালেহিন, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী, চট্টগ্রাম জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. সেখ ফজলে রাব্বি, প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলাম, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী পরিচালক ডা. রাজিব পালিত, চট্টগ্রাম জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক সুজন বড়ুয়া, চট্টগ্রাম মেডিকেল কলেজের হেলথ এডুকেটর সম্পদ দে, ম্যাক্স হাসপাতালের জেনারেল ম্যানেজার রঞ্জন প্রসাদ দাশগুপ্ত এবং চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয়ের স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, স্যানিটারি ইন্সপেক্টর ও মেডিকেল টেকনোলজিস্টবৃন্দ।

উদ্বোধনী বক্তব্য প্রদানকালে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, সারা বিশ্বকে শঙ্কায় ফেলে দেওয়া করোনা আমাদের দেশে ছড়িয়ে পড়েছিল। এখনও করোনা সংক্রমণ রয়ে গেছে। আবারও করোনা সংক্রমণ বেড়ে যেতে পারে। এই প্রেক্ষাপটে করোনার যেকোনো সম্ভাব্য ঊর্ধ্বগতি মোকাবিলায় সরকারের জনস্বাস্থ্য সেবা ব্যবস্থাগুলো প্রস্তুত রয়েছে। বাংলাদেশ সরকারের টিকা কার্যক্রম সারাবিশ্বে প্রশংসিত হয়েছে। সেই কারণে বাংলাদেশে করোনা মারাত্মক আকার ধারণ করতে পারেনি। প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী সালেহিন বলেন, করোনা সংক্রমণকে নিয়ন্ত্রণ করার জন্য বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন। করোনার টিকা আবিষ্কার ও টিকা প্রদান শুরু হওয়ার পর বাংলাদেশে তাঁর যুগান্তকারী পদক্ষেপ হচ্ছে টিকাদান কর্মসূচি। প্রিমিয়ার ইউনিভার্সিটিতেও এই কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, দেশরত্ন শেখ হাসিনা সরকারের বড়ো সফলতা এটাই যে, এই সরকার করোনা নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়েছে। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 21 July 2022, Page: 2, Col: 6
https://epurbodesh.com/index.php?date=21-07-2022&page=2

চট্টগ্রাম • বৃহস্পতিবার • ২১ জুলাই ২০২২ • ৬ শ্রাবণ ১৪২৯ • ২১ জিলহজ ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ৩২২ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH





মহানগর
বৃত্তিমূলক শিক্ষাব্যবস্থা চালু করতে হবে : নওফেল ৩

সংবাদ ৪
ন্যায়বিচার নিশ্চিতে সর্বোচ্চ সততা জরুরি



দেশগ্রাম ৫
সন্তু লারমা ভ্রাতৃঘাতী সংঘাতের জনক

বিনোদন
৬ সামনে বিয়ে : দেশে ফিরছেন শাকিব খান



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বুস্টার ডোজ 'টিকাদান কর্মসূচি'তে ড. অনুপম সেনসহ অন্যরা

# টিকা কার্যক্রম বিশ্বে প্রশংসিত হয়েছে

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইউনিভার্সিটির সকল শিক্ষার্থীকে কোভিড-১৯-এর বুস্টার ডোজ টিকা প্রদান করার জন্য ২০ জুলাই 'টিকাদান কর্মসূচি' শুরু হয়েছে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরীর সহযোগিতায় ও চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ সরকারের টিকাদান কর্মসূচির অংশ হিসেবে দু'দিন ব্যাপী এই কর্মসূচি ২১ জুলাই পর্যন্ত চলবে। ২০ জুলাই সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত শিক্ষার্থীদের বুস্টার ডোজ টিকাদান করা হয়। ২১ জুলাইও সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত টিকাদান করা হবে। প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষ ইউনিভার্সিটির শিক্ষার্থীদের সর্বোচ্চ স্বাস্থ্য সুরক্ষার জন্য কোভিড-১৯-এর এই 'টিকাদান কর্মসূচি' গ্রহণ করেছে।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বুস্টার ডোজ কর্মসূচি উদ্বোধনকালে ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীরা ইতিপূর্বে ২২ ও ২৩ নভেম্বর ২০২১ অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকা টিকার প্রথম ডোজ এবং ২২ ও ২৩ জানুয়ারি ২০২২ অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকা টিকার দ্বিতীয় ডোজ টিকা গ্রহণ করেছেন। বুস্টার ডোজ টিকা গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীরা প্রথম ও দ্বিতীয় ডোজ নেওয়ার সময় সরবরাহকৃত টিকা কার্ড, নিজ নিজ স্টুডেন্ট আইডি কার্ড এবং সুরক্ষায় নিবন্ধিত টিকা কার্ড ২ কপি নিয়ে স্বাস্থ্যবিধি মেনে ২০ জুলাই সকাল থেকে টিকা গ্রহণ করতে ইউনিভার্সিটি ক্যাম্পাসে আসতে শুরু করে।

এই টিকাদান কর্মসূচি উদ্বোধন করেছেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী সালেহিন, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী, চট্টগ্রাম ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. সেখ ফজলে রাব্বি, প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলাম, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী পরিচালক ডা. রাজিব পালিত, চট্টগ্রাম জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক সুজন বড়ুয়া, চট্টগ্রাম মেডিকেল কলেজের হেলথ এডুকেটর সম্পদ দে, ম্যাক্স হাসপাতালের জেনারেল ম্যানেজার রঞ্জনপ্রসাদ দাশগুপ্ত এবং চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয়ের স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, স্যানিটারি ইন্সপেক্টর ও মেডিকেল টেকনোলজিস্টবৃন্দ। উদ্বোধনী বক্তব্য প্রদানকালে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, সারা বিশ্বকে শঙ্কায় ফেলে দেওয়া করোনা আমাদের দেশে ছড়িয়ে পড়েছিল। এখনও করোনা সংক্রমণ রয়ে গেছে। আবারও করোনা সংক্রমণ বেড়ে যেতে পারে। এই প্রে□াপটে করোনার যেকোনো সম্ভাব্য উর্ধ্বগতি মোকাবিলায় সরকারের জনস্বাস্থ্য সেবা ব্যবস্থাগুলো প্রস্তুত রয়েছে।

বাংলাদেশ সরকারের টিকা কার্যক্রম সারাবিশ্বে প্রশংসিত হয়েছে। সেই কারণে বাংলাদেশে করোনা মারাত্মক আকার ধারণ করতে পারেনি। আমেরিকা-যুক্তরাষ্ট্রের লোকসংখ্যা প্রায় ৩৩ কোটি হলেও সেখানে মৃত্যু ১০ লক্ষ। বাংলাদেশের লোকসংখ্যা সাড়ে ১৬ কোটি হলেও মৃত্যু মাত্র ২৯ হাজারের সামান্য বেশি। বাংলাদেশের এই সার্থকতার পেছনে টিকা কার্যক্রম বড়ো ভূমিকা রেখেছে। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 21 July 2022, Page: 3, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-07-21